ইউরোপের মজুত ডিজেল বাজারে ছাড়ার আহ্বান ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে চলমান যুদ্ধের কারণে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহে চাপ তৈরি হওয়ায় ইউরোপীয় দেশগুলোকে কৌশলগত মজুত থেকে ডিজেল বাজারে ছাড়ার আহ্বান জানাতে পারে যুক্তরাষ্ট্র। বৃহস্পতিবার (২ অক্টোবর) হোয়াইট হাউসে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

জ্বালানির দাম বাড়ার প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, ইউরোপীয় মিত্রদের মজুত ডিজেল বাজারে ছাড়তে অনুরোধ করা হতে পারে। তাদের কাছে পর্যাপ্ত ডিজেল মজুত রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

ইরান সংঘাতের প্রভাবে আন্তর্জাতিক জ্বালানি বাজারে অস্থিরতা তৈরি হয়েছে এবং বিশেষ করে পরিশোধিত জ্বালানি ও ডিজেলের দাম বাড়ছে। এতে সংকট মোকাবিলায় বিভিন্ন দেশের কৌশলগত জ্বালানি মজুত ব্যবহারের চাপও বাড়ছে।

ট্রাম্প বলেন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আনতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। তার দাবি, ইরানের সঙ্গে চলমান যুদ্ধ শিগগিরই শেষ হবে এবং সংঘাত বন্ধ হলে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম উল্লেখযোগ্যভাবে কমে আসবে।